গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
শিক্ষা ভবন (২য় ব্লক),ঢাকা।
www.eedmoe.gov.bd

**বিষয়: মহান বিজয় দিবস, ২০২২ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ দেলোয়ার হোসেন মজুমদার, প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।
সভার স্থান : সভাকক্ষ, প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
তারিখ ও সময় : ১২/১২/২০২২ খ্রিঃ, সকাল ১০.৩০ ঘটিকা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, মহান বিজয় দিবস আমাদের জাতীয় জীবনের অন্যতম গৌরবময় দিন। ১৯৭১ সালে ০৯ মাসব্যাপী রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে ৩০ লক্ষ শহিদের আত্মদান ও ২ লক্ষ মা-বোনের সম্ভ্রমের বিনিময়ে এবং অগনিত মানুষের ত্যাগ ও সংগ্রামের ফলস্বরূপ ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে চূড়ান্ত বিজয় অর্জিত হয়। তিনি প্রতি বছরের ন্যায় যথাযোগ্য মর্যাদার সাথে দিবসটি উদ্‌যাপনের জন্য এ অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে কর্মসূচিসমূহে স্বতঃস্ফুর্তভাবে অংশগ্রহণ এবং অর্পিত স্ব স্ব দায়িত্ব যথাযথভাবে পালনের উপর গুরুত্বারোপ করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ) কর্তৃক দিবসটি পালন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় ও স্টিয়ারিং কমিটির সভার ও শিক্ষা মন্ত্রণালয়ের কার্যবিবরণীতে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ পাঠ করা হয়। অত:পর মহান বিজয় দিবস, ২০২২ যথাযথ মর্যাদায় উদ্‌যাপন এর জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে উপস্থিত সদস্যবৃন্দ মতামত প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক নং | আলোচ্যসূচি ও সময় | সিদ্ধান্ত | বাস্তবায়নে/ব্যবস্থা গ্রহণে |
|---|---|---|---|
| ১ | জাতীয় পতাকা উত্তোলন<br>সময়: সকাল ৬.৩০ টায় | মহান বিজয় দিবস যথাযথ মর্যাদায় উদযাপনের অংশ হিসেবে ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জনাব জরজিসুর রহমান সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) |
| ২ | ড্রপডাউন ব্যানার ও অন্যান্য ব্যানার প্রস্তুত | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর উল্লেখযোগ্য উক্তি/উদ্ধৃতি, জাতির পিতার ছবি, জাতীয় স্মৃতিসৌধ, বীরশ্রেষ্ঠদের ছবি সম্বলিত ড্রপডাউন ব্যানার প্রদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জনাব মো: জাফর আলী সিকদার, সহকারী প্রকৌশলী (সিভিল),<br>২। জনাব মো: আব্দুর রহিম রাসেল উপসহকারী প্রকৌশলী,<br>৩। জনাব মো: আবু সাঈদ আকন্দ উপসহকারী প্রকৌশলী,<br>৪। জনাব মো: মিজানুর রহমান উপসহকারী প্রকৌশলী |
| ৩ | পুষ্পস্তবক অর্পণ<br>সময়: সকাল ৬.৪৫ টায় | মহান বিজয় দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের পক্ষ হতে জাতির পিতার প্রতিকৃতি ও শিক্ষা ভবন প্রাঙ্গনের শহিদ বেদীতে পুষ্পস্তবক অর্পন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জনাব মো: ইমরান হোসাইন খান, সহকারী প্রকৌশলী (সিভিল),<br>২। জনাব মো: গোলাম সাকলাইন, সহকারী প্রকৌশলী,<br>৩। জনাব মো: আব্দুল আজিজ, উপসহকারী প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| ৪ | জাতীয় পতাকা উত্তোলন, জাতির পিতার প্রতিকৃতি স্থাপনসহ পুষ্পস্তবক অর্পণ বেদী প্রস্তুতকরণ | জাতীয় পতাকা উত্তোলন, জাতির পিতার প্রতিকৃতি স্থাপনসহ পুষ্পস্তবক অর্পণ এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। জনাব মো: জরজিসুর রহমান, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ),<br>২। জনাব মো: মফিকুল ইসলাম, সহকারী প্রকৌশলী,<br>৩। জনাব দেওয়ান মোহাম্মদ খসরু, সহকারী প্রকৌশলী (ঢাকা মেট্রো),<br>৪। জনাব মো: জাকির হোসেন উপসহকারী প্রকৌশলী ,<br>৫। জনাব মো: মিজানুর রহমান মিঠু উপসহকারী প্রকৌশলী |
| ৫ | আলোচনা সভা<br><br>সময়: সকাল ৭.০০ টায় | প্রধান কার্যালয়ের সভাকক্ষে "জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার" শীর্ষক আলোচনা সভা এবং বিশেষ মোনাজাত। | ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২। উপপরিচালক (প্রশাসন)<br>৩। মীর মুয়াজ্জেম হুসেন নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-২) |
| ৬ | দোয়া মাহফিল<br><br>সময়: ১৮/১২/২০২২ বাদ যোহর | শিক্ষা ভবন জামে মসজিদে শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মোনাজাত। | ১। জনাব মো: মীর মোয়াজ্জেম হুসেন, নির্বাহী প্রকৌশলী<br>২। জনাব মো: ইউনুস আলী, উপপরিচালক (অর্থ)<br>৩। জনাব মো: আবু ছায়িদ চৌধুরি হিসাব রক্ষণ কর্মকর্তা,<br>৪। জনাব মো: আজিজ উদ্দিন মিয়াজী সহকারী প্রশাসনিক কর্মকর্তা |
| ৭ | ডিসপ্লে ও কিওস-এ বিজয় দিবস সংক্রান্ত তথ্যচিত্র প্রচার | ডিসপ্লে ও কিওস এ বিজয় দিবস সংক্রান্ত ভিডিও ও স্থিরচিত্র প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জনাব মো: ইফতেখার উদ্দিন আহম্মদ, প্রোগ্রামার (আইসিটি),<br>২। জনাব আসনাদ আহমেদ, কম্পিউটার অপারেটর (আইসিটি), |
| ৮ | শহিদ বুদ্ধিজীবী দিবসে পুষ্পস্তবক অর্পন | ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবসে রায়েরবাজারে অবস্থিত শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের পক্ষ হতে পুষ্পস্তবক অর্পন করা হবে। | ১। জনাব মো: ইমরান হোসাইন খান , সহকারী প্রকৌশলী (সিভিল),<br>২। জনাব মো: গোলাম সাকলাইন, সহকারী প্রকৌশলী,<br>৩। জনাব মো: আব্দুর রহিম রাসেল, উপসহকারী প্রকৌশলী |
| ৯ | যানবাহন ব্যবস্থাপনা | ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবি দিবস ও ১৬ ডিসেম্বর ২০২২ মহান বিজয় দিবস উদযাপন অনুষ্ঠানে কর্মকর্তা/কর্মচারীগণের যথাসময় উপস্থিত হওয়ার লক্ষ্যে প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। জনাব মো: আবুল হাসেম সরদার নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-৩)<br>২। জনাব মো: জরজিসুর রহমান সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) |

| | | | |
|---|---|---|---|
| ১০ | মাঠ পর্যায়ে কর্মসূচি পালন | মাঠ পর্যায়ের তত্ত্বাবাধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীগণ সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে সমন্বয়পূর্বক কার্যক্রম গ্রহণ করবেন। | ১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল সার্কেল)<br>২। নির্বাহী প্রকৌশলী (সকল জেলা) |

২.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.১২.২২

(মো: দেলোয়ার হোসেন মজুমদার)
প্রধান প্রকৌশলী

১২/১২/২২

সংখ্যা-৩৭.০৭.০০০০.০০৮.২৮.৩৩২.১৪-১১৮৭/১(৩০০)

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

০১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/............... সার্কেল
০৮. নির্বাহী প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/............... জেলা
০৯. উপপরিচালক (অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১০. প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১১. সহকারী প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/ ............... জেলা/সার্কেল
১২. হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/............... সার্কেল
১৩. প্রশাসনিক কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
১৪. উপসহকারী প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/ ............... জেলা
১৫. সহকারী প্রশাসনিক/সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর .............................
১৬. হিসাবরক্ষক/কম্পিউটার অপারেটর/উচ্চমান সহকারী/অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক/ডাটা এন্ট্রি অপারেটর/হিসাব সহকারী কাম ক্যাশিয়ার/অফিস সহকারী কাম ক্যাশিয়ার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১৭. প্রধান প্রকৌশলীর ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
১৮. পরিচালক (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
১৯. জনাব..........................................................................................
২০. অফিস কপি

১২/১২/2022
আসাদুজ্জামান
উপপরিচালক (প্রশাসন)
১২/১২/২২

Pls upload

১২/১২/২২